



জনসংযোগ কার্যালয়  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ৭৭৯১০৪৫-৫১



## প্রেস বিজ্ঞপ্তি

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সঙ্গে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের  
সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষর ॥

বিশ্ববিদ্যালয়ের ২১টি আবাসিক হল, অনুঘদ ভবন, ছাত্র-শিক্ষক কেন্দ্র এবং  
বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারে আইসিটি ল্যাব স্থাপন করবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৪ নভেম্বর ২০২৩।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সঙ্গে আজ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের  
সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। সমঝোতা স্মারক চুক্তিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের  
মহাপরিচালক মোস্তফা কামাল এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পক্ষে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার  
স্বাক্ষর করেন।

বিশ্ববিদ্যালয়ের সিনেট হলে সকাল সাড়ে নয়টায় এ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে তথ্য ও  
যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব মো. সামসুল আরেফিন বক্তব্য রাখেন। এ সময় তিনি বিশ্ববিদ্যালয়ের  
শিক্ষার্থীদের উদ্যোক্ততা হওয়ার আহবান জানান। তিনি বলেন, বাংলাদেশ ইতোমধ্যে সফটওয়্যার খাতে দক্ষতা  
অর্জন করেছে। এখন হার্ডওয়্যার খাতে দক্ষতা অর্জন করতে হবে। চাকরির পেছনে না ছুটে চাকরি দেওয়ার  
পরিকল্পনা গ্রহণ করতে হবে। অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম বলেন, এ  
সমঝোতা স্মারক চুক্তির ফলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে কাজ করার সুযোগ লাভ করবে।  
এতে শিক্ষার্থীদের কর্মজীবনের নতুন দুয়ার খুলে যাবে। তিনি বলেন, এ সমঝোতা চুক্তি স্বাক্ষরের মধ্যদিয়ে তথ্য  
ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মধ্যে যে বন্ধন রচিত হলো, তা ভবিষ্যতে আরও  
এগিয়ে যাবে। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক, উপ-  
উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মোহাম্মদ মোস্তফা ফিরোজ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের উপ-সচিব মো.  
সালাউদ্দিন এবং উপ-পরিচালক নিলুফা ইয়াসমিন। অনুষ্ঠানে যুক্তরাষ্ট্র থেকে অনলাইনে যুক্ত হয়ে বক্তব্য রাখেন  
কোডার ট্রাস্ট-এর সিইও আজিজ আহমেদ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট  
অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি)-র পরিচালক অধ্যাপক ড. এম শামীম কায়সার জানান, এ সমঝোতা  
স্মারক চুক্তির ফলে সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাধ্যমে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে  
শিক্ষার্থীদের ২১টি আবাসিক হল, অনুঘদ ভবন, ছাত্র-শিক্ষক কেন্দ্র এবং বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারে আইসিটি ল্যাব  
স্থাপন করা হবে। এছাড়াও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় যৌথ গবেষণা,  
আইসিটি ও ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কর্মশালা, ইন্টার্নশিপ প্রভৃতি ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে কাজ  
করবে।

অনুষ্ঠান শেষে ওয়াজেদ মিয়া বিজ্ঞান গবেষণা কেন্দ্রে Envisioning Future Bangladesh শীর্ষক কর্মশালা  
অনুষ্ঠিত হয়। কর্মশালায় বক্তব্য উপস্থাপন করেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের উপ-সচিব মো.  
সালাউদ্দিন এবং উপ-পরিচালক নিলুফা ইয়াসমিন। এতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি  
পরিচালক (ভারপ্রাপ্ত)